গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১৩৩

তারিখ: ৫ পৌষ ১৪২৮
২০ ডিসেম্বর ২০২১

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৩৯৯/২০২১ এর আদেশের প্রেক্ষিতে যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজের ০৮ জন শিক্ষকের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজে ০৮ জন শিক্ষককে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়। তারা নিয়োগ প্রদানের তারিখ হতে অদ্যাবধি কর্মরত রয়েছেন। বর্তমানের প্রতিষ্ঠানটি সরকারিকরণ করা হয়েছে। আট জনের তালিকা নিম্নরূপ:

| ক্রমিক নং- | প্রার্থীর নাম | পদবী |
|---|---|---|
| ১ | মোঃ সিরাজুল ইসলাম | প্রভাষক, গণিত |
| ২ | হোমায়রা আখতার | প্রভাষক, বাংলা |
| ৩ | মোঃ মতিউর রহমান | প্রভাষক, ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা |
| ৪ | মোঃ মতিয়ার রহমান | প্রভাষক, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন |
| ৫ | মোছাঃ সামছুন নাহার | প্রভাষক, হিসাববিজ্ঞান |
| ৬ | উৎপল কুমার বিশ্বাস | সহকারী শিক্ষক, চারু ও কারুকলা |
| ৭ | মাহবুবুল্লাহ | সহকারী শিক্ষক, ইসলাম ও নৈতিক শিক্ষা |
| ৮ | নন্দিতা নন্দী | সহকারী গ্রন্থাগারিক |

এখানে উল্লেখ্য যে, ঢাকা মহানগরসহ ৬টি বিভাগের প্রতিষ্ঠিত ৯টি মডেল স্কুল এন্ড কলেজের কার্য পরিচালনা বিধিমালা-২০১৩ এর অধ্যায়-৫ এ বর্ণিত চাকুরীর সাধারণ শর্তাবলী' বিধি-১৬ এর নিয়োগের শর্তাবলীর উপবিধি-৮ মোতাবেক স্পষ্ট উল্লেখ আছে, "এ বিধি জারি হওয়ার পূর্বে শূন্য পদের বিপরীতে যথাযথ পদ্ধতি অনুসরণ করিয়া নিয়োগ দেওয়া হইয়া থাকিলে তাহাদের নিয়মিত করা যাইবে। তবে, ভবিষ্যতে কোন খন্ডকালীন শিক্ষক নিয়োগ দেওয়া যাইবে না। আর যথাযথ পদ্ধতি অনুসরণ না করিয়া নিয়োগ দেওয়া হইয়া থাকিলে তাহাদের শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য রাখিয়া অগ্রাধিকার দেওয়া যাইতে পারে"। এ উপবিধি-৮ এর প্রয়োগের মাধ্যমে অগ্রাধিকারভিত্তিতে নিয়োগ স্থায়ী করে জাতীয়করণ প্রক্রিয়ায় আত্তীকরণের ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয় বরাবর ৩০/০৬/২০২০ইং তারিখে তারা আবেদন করেন।

যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজের ০৮ জন শিক্ষকের আবেদন পত্রের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তারা সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৩৯৯/২০২১ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ ০৭/১১/২০২১ইং তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

"The respondent No. 2 is directed to dispose of the representation-dated

30.06.2020 (Annexure-J) submitted by the petitioners within a period of 60 (sixty) working days from the date of receipt of this order in accordance with law and communicate the decision to the petitioners.”

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৩৯৯/২০২১ মামলার আদেশের প্রেক্ষিতে যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজের ০৮ জন শিক্ষকের চাকুরি স্থায়ীকরণসহ জাতীয়করণের প্রক্রিয়ায় আত্তীকরণের বিষয়ে আবেদনকারীর ৩০/০৬/২০২০ইং তারিখের (Annexure-J) আবেদনটি নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-১২-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব
ফোন: ৪১০৫০৯৯৭
ইমেইল: law.section2@shed.gov.bd

অতিরিক্ত সচিব
মাধ্যমিক-১ অনুবিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১৩৩/১(৬)

তারিখ: ৫ পৌষ ১৪২৮
২০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) অধ্যক্ষ, যশোর শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজ, যশোর
৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২০-১২-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব